

USAID
FROM THE AMERICAN PEOPLE

READY
GLOBAL READINESS FOR MAJOR DISEASE OUTBREAK RESPONSE

ছবি স্বত্ব: Sonali Chakma / সেভ দ্য চিলড্রেন

# গোপনীয়তা নির্দেশনা নোট:

## সংক্রামক রোগের প্রাদুর্ভাবের সময় শিশু সুরক্ষা সংক্রান্ত উদ্বেগগুলি সামলানোর বিষয়ে স্বাস্থ্য কর্মীদের জন্য পরামর্শ

Child Protection
Cox's Bazar Child Protection Sub-Sector

HEALTH SECTOR COX'S BAZAR

জুন 2023

## ভূমিকা

সংক্রামক রোগের প্রাদুর্ভাবের সময়, শিশু সুরক্ষা কাজ ও স্বাস্থ্য সুবিধাগুলির নিয়মিত কার্যকলাপ ব্যাহত হতে পারে। কিন্তু স্বাস্থ্যকর্মীরা এরকম শিশুদের মুখোমুখি হতে পারেন, রোগের প্রকোপের কারণে শিশু সুরক্ষা কর্মীদের পক্ষে যাদের কাছে পৌঁছনো কঠিন হয়ে পড়তে পারে।

**কারণ, শিশুরা হয়ত:**

- সংক্রমণের জন্য চিকিৎসা চাইছে;
- সংক্রমণের জন্য চিকিৎসা চাওয়া প্রাপ্তবয়স্কদের সঙ্গে আছে;
- আইসোলেশন বা কোয়ারান্টাইনে রাখা আছে;
- আইসোলেশন বা কোয়ারান্টাইনে রাখা প্রাপ্তবয়স্কদের সঙ্গে আছে;
- সংবরণ, নিয়ন্ত্রণ এবং উপশমের পদক্ষেপগুলি নিয়ে নির্দেশিকা গ্রহণ করছে; এবং/অথবা
- অতিরিক্ত টিকা নিচ্ছে।

রোগের প্রাদুর্ভাবের চাপে, বাচ্চারা আরো বেশি পরিমাণে হিংসা, নির্যাতন বা খারাপ হতে থাকা মানসিক স্বাস্থ্যের সম্মুখীন হতে পারে।[1] প্রাদুর্ভাবে সাড়া দেওয়া এবং গভর্নিং বডির আরোপিত অন্যান্য জনস্বাস্থ্য সংক্রান্ত পদক্ষেপগুলির কারণে স্বাস্থ্যকর্মীরা এরকম শিশুদের মুখোমুখি হতে পারেন:

(i) শিশু সুরক্ষার অংশীদারদের সরাসরি যাদের সাথে যোগাযোগ করা বা তাদের কাছে পৌঁছনো কঠিন হয়ে পড়ছে, এবং/অথবা

(ii) শিশু সুরক্ষা সংক্রান্ত প্রয়োজনে সাড়া দিতে পারে এরকম ব্যক্তিদের সাথে যাদের কম ঘন ঘন যোগাযোগ হয়। এর মধ্যে পড়ে, উদাহরণ স্বরূপ, শিক্ষক/শিক্ষিকা, আত্মীয়পরিজন এবং সমাজের অন্যান্য সক্রিয় অংশীদারেরা।

কাজেই, প্রকাশিত এবং/অথবা শনাক্ত করা সকল শিশু সুরক্ষা সংক্রান্ত উদ্বেগগুলি যথাযথভাবে ও গোপনীয়তার সাথে সামলানোর জন্য স্বাস্থ্য কর্মীদের শিশু সুরক্ষার অংশীদারদের সঙ্গে একসাথে কাজ করা অত্যাবশ্যক।

গোপনীয়তা বলতে কী বোঝায়, তা কেন গুরুত্বপূর্ণ, কীভাবে গোপনীয়তা রক্ষা করতে হবে এবং শিশুদের স্বার্থের জন্য যখন সঠিক তখন গোপনীয়ভাবে তথ্য আদান-প্রদান করার সেরা উপায় নিচে ব্যাখ্যা করা হলো।

**সকল মামলার ক্ষেত্রে প্রধান নির্দেশক নীতিগুলি:**

- শিশু সুরক্ষা মামলার আগামী সকল রেফারাল শিশু এবং সংশ্লিষ্ট পরিচর্যাকারীর অবহিত সম্মতি/ অনুমোদন নিয়ে হবে। সংযুক্তি 1: অবহিত সম্মতি বা অনুমোদন নেওয়ার প্রক্রিয়া and সংযুক্তি 2: (গোপনীয়তা নমুনা স্ক্রিপ্ট)
- শিশুটির স্বার্থের জন্য যা সেরা তার প্রেক্ষিতে গোপনীয়তা বজায় রাখার বিষয়টিকে খতিয়ে দেখতে হবে। কিভাবে তা করতে হবে তা সম্বন্ধে আরো বিশদে জানার জন্য নিচের বিভাগটি দেখুন।

## প্রধান পদগুলি

**স্বাস্থ্যসেবার অংশীদার** হলো সেই সকল ব্যক্তি বা সংস্থা যারা স্বাস্থ্য পরিষেবা প্রদান করে এবং/ অথবা তাতে সহায়তা করে। তারা বেতনভোগী, স্বেচ্ছাসেবী, অস্থায়ী এবং/অথবা স্থায়ী হতে পারে। এদের মধ্যে যারা মেডিকেল সহায়তা প্রদান করে এবং যারা সহায়ক কার্যকলাপ করে (যেমন প্রশাসন, অ্যাকাউন্টিং, নিরাপত্তা এবং লজিস্টিকস) উভয়ই অন্তর্ভুক্ত। এর মধ্যে অন্তর্ভুক্ত কমিউনিটি স্তরের সংযোগ, সরকারি সংস্থা, বেসরকারি সংস্থা (NGO) আন্তসংস্থা বা কোঅর্ডিনেশন দল এবং প্রাসঙ্গিক জাতিসংঘ (UN) সংস্থা।

**শিশু সুরক্ষা** হলো শিশুদের ক্ষতি হওয়া আটকানো এবং তাতে সাড়া দেওয়া। এর মধ্যে অন্তর্ভুক্ত শিশুদের ওপর অত্যাচার, অবহেলা এবং শোষণ; শিশুদের বিরুদ্ধে হিংসা; এবং মানসিক স্বাস্থ্য ও মনঃসামাজিক উদ্বেগ।

**শিশু সুরক্ষা উদ্বেগ** শিশু সুরক্ষা সংক্রান্ত এমন কোনো ঘটনার সন্দেহ বা প্রতিবেদন হতে পারে যা এখনো তথ্যপ্রমাণ দ্বারা সত্য প্রমানিত হয়নি।

**গোপনীয়তা** হলো সেই সকল শর্তাবলী যার অধীনে কোনো ব্যক্তির বিশ্বাসযোগ্যতার ভিত্তিতে প্রকাশ করা তথ্য অন্যদের কাছে প্রকাশ করা হয় না।

**শনাক্তকারী তথ্য** হলো কোনো ব্যক্তি বা মামলা সম্পর্কে সেই সকল বিবরণ যার সাহায্যে আপনি সেই ব্যক্তির পরিচয় নির্ধারণ করতে পারবেন। এর মধ্যে থাকতে পারে নাম; বয়স; কোনো শারীরিক বর্ণনা; কাজের জায়গা, বাড়ি বা স্কুল; ভিজিটের তারিখ; মামলার তারিখ; আত্মীয়ের নাম; ইত্যাদি।

**শিশু** হলো 18 বছরের কম বয়সী যে কোনো ব্যক্তি। শিশুরা নানা বয়স, লিঙ্গ পরিচয় এবং পারিপার্শ্বিকের হতে পারে এবং তাদের কোনো রকম অক্ষমতাও থাকতে পারে।

**অবহিত সম্মতি** হলো কোনো ব্যক্তির - প্রাপ্তবয়স্ক বা, কোনো কোনো ক্ষেত্রে, কিশোর/কিশোরীর - যার সিদ্ধান্ত নেওয়ার আইনি ও বিকাশগত ক্ষমতা আছে, তাদের কাছ থেকে কীসের সম্মতি চাওয়া হচ্ছে তা বোঝে এবং স্বাধীনভাবে নির্বাচন করতে পারে – তার ঐচ্ছিক সম্মতি।

**অবহিত অনুমোদন** হলো সেই প্রক্রিয়া যেখানে কোনো ব্যক্তি, প্রাপ্তবয়স্ক বা শিশু, পরিষেবায় অংশগ্রহণ করার ইচ্ছা প্রকাশ করে।

[1] Nidhi Kapur (2022), "চাইল্ড প্রোটেকশন ইন আউটব্রেকস: অ্যাডোভোকেটিং ফর দ্য সেন্ট্রালিটি অফ চিলড্রেন অ্যান্ড দেয়ার প্রোটেকশন ইন ইনফেকশাস ডিজিজ আউটব্রেকস," দ্য অ্যালায়েন্স ফর চাইল্ড প্রোটেকশন ইন হিউম্যানেটেরিয়ান অ্যাকশন এখানে PDF ডাউনলোড করুন। দেখুন

## স্বাস্থ্যসেবার অংশীদারদের কেন শিশু সুরক্ষা মামলাগুলির ক্ষেত্রে গোপনীয়তা বজায় রাখতেই হবে?

**রোগের প্রাদুর্ভাবের সময় কাজ করার স্বাভাবিক পন্থাগুলি ব্যাহত হলেও, গোপনীয়তা সংক্রান্ত নীতি ও মানদণ্ডগুলি অবশ্যই বজায় রাখতে হবে, এবং উপরন্তু আরো জোরালো করতে হবে। গোপনীয়তা লঙ্ঘন হলে তা শিশু, তাদের পরিবার, সম্প্রদায় এবং/অথবা প্রক্রিয়াতে জড়িত অন্যান্য ব্যক্তিদের জীবনে বিরূপ প্রভাব ফেলতে পারে।**

### গোপনীয়তা কেন গুরুত্বপূর্ণ?

মামলার কেন্দ্রে থাকা শিশুটির স্বার্থের জন্য সেরা হলো গোপনীয়তা, কেননা এর ফলে তাদের সম্পর্কিত তথ্যের ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত অপব্যবহার প্রতিরোধ করা যায়। তথ্য ফাঁস হয়ে যাওয়ার ফলে আরো শোষণ, অপবাদ এবং/অথবা দুর্ব্যবহার হতে পারে।

অভিযুক্ত অপরাধী সাক্ষী, বন্ধুবান্ধব ও পরিবারের সদস্যদের হেনস্থা করতে পারে বা প্রতিশোধের হুমকি দিতে পারে।

ভুল বা মিথ্যাভাবে অভিযুক্ত অপরাধী ঘৃণা বা অপবাদের নিশানা হতে পারে।

### অযথাযথভাবে তথ্য ভাগ করে নেওয়ার কারণে ঘটতে পারে এরকম কিছু সম্ভাব্য নেতিবাচক প্রভাবের উদাহরণ নিচে দেওয়া হলো:

**1** একটি বড় আন্তসংস্থা মিটিং চলাকালীন কোনো ব্যক্তি পরামর্শ চান। একটি মেয়ে তাদের শিবিরের শিশু সুরক্ষা ফোকাল পয়েন্টে জানিয়েছে যে স্কুল বন্ধ থাকা এবং অর্থনৈতিক অনিশ্চয়তার কারণে তার বাবা-মা তার বিয়ের জন্য পাত্র ঠিক করেছেন। মিটিং-এ তার পুরনো স্কুলের নাম বলা হয়। পরে, আন্তসংস্থা দলগুলি একসাথে কাজ করে যাতে (i) স্কুল খুলে গেলে স্কুলে ফিরে যাওয়ার প্রয়োজনীয়তা এবং (ii) বাল্য বিবাহের নেতিবাচক প্রভাব সম্পর্কে সম্প্রদায়গুলিকে সংবেদনশীল করে তোলা যায়। এই সংবেদনশীল করে তোলার প্রক্রিয়া তারা সেই নির্দিষ্ট স্কুলটি থেকেই শুরু করে। মেয়েটির বন্ধুদের সন্দেহ হয় যে তার সাথে ঘটা ঘটনার কারণেই এই প্রচার অভিযান হচ্ছে এবং তারা তাকে পীড়ন করা শুরু করে।

**2** এমন একজন শিশু সম্বন্ধে ইমেল পাঠানো হয় যার পরিচর্যাকারীকে সংক্রমণের কারণে আইসোলেশনে রাখা হয়েছে। শিশুটির পরীক্ষা করা হয় এবং দেখা যায় সে ভাইরাসটি দ্বারা সংক্রামিত নয়। শিশুটি ও তার গ্রামের নাম সেখানে দেওয়া আছে। শিশু সুরক্ষা কর্মী তার নিকটতম আত্মীয়কে খুঁজে বার করেছেন এবং শিশুটিকে সেই গ্রামে ফিরিয়ে নিয়ে যাবেন। শিশুটি ও মামলা কর্মীর জন্য গাড়ির বন্দোবস্ত করা লজিস্টিকস কর্মীকে ইমেলটি ফরোয়ার্ড করা হয়। যে গাড়ির চালক ইমেলটি পান তিনি শিশুটির সম্প্রদায়ের এবং শিশুটির পরিবারকে চেনেন। গাড়ির চালক শিশুটির পরিস্থিতির কথা নিজের পরিবারের লোকদের বলেন। তার পরে শিশুটি ও তার পরিবারের লোকজনদের অপবাদের মুখে পড়তে হয়।

**3** নির্যাতনের কারণে ঘটা আঘাতের চিকিৎসা করানোর জন্য একজন শিশুকে স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছে। NGO-এর গাড়িটি NGO-র লোগো থাকা একটি বড় পিক-আপ ট্রাক। গাড়িটি সম্ভবত এখন চলতে থাকা প্রাদুর্ভাবের সংক্রমণ নিয়ন্ত্রণ করার কোনো চেকপয়েন্ট পার করে। NGO কর্মী সদস্যেরা (i) গাড়িতে থাকা সকল ব্যক্তির নাম চেকপয়েন্টে জানায় এবং (ii) তারা কেন সফর করছে তা ব্যাখ্যা করছে। গাড়ি পরিদর্শন চলাকালীন NGO কর্মী সদস্যেরা শিশুটির ওপর হওয়া নির্যাতনের বিবরণ বিশদে জানান। চেকপয়েন্টে কাজ করা কোনো একজন ব্যক্তি একই সম্প্রদায়ের এবং শিশুটির সাথে কী হয়েছে তা সম্প্রদায়ের অন্য সদস্যদের কাছে প্রকাশ করে দেয়। শিশুটির নিরাপত্তা ও কল্যাণ এখন ঝুঁকির মুখে, কেননা নির্যাতনকারী প্রতিশোধ নেওয়ার চেষ্টা করতে পারে।

**4** একজন শিশু সুরক্ষা কর্মী সদস্য চায়ের দোকানে একজন স্বাস্থ্য ক্ষেত্রের সহকর্মীর সাথে কথা বলছেন। শিশু সুরক্ষা কর্মী সদস্য ব্যাখ্যা করছিলেন যে স্কুল বন্ধ থাকার কারণে শিশু শ্রমের মামলার সংখ্যা বেড়ে গেছে। শরণার্থী শিবিরে তারা কনস্ট্রাকশন সাইটে কাজ করা শিশুদের দেখেছেন। কর্মী সদস্য জানান যে এইসকল শিশুদের মধ্যে অনেক সময়েই তারা নির্যাতন ও আঘাতের চিহ্ন দেখেছেন। কর্মী সদস্য শিশু শ্রমিক নিয়োগ করা সংস্থার নাম বলেন। চায়ের দোকানে থাকা অন্যের তাদের কথা শুনতে পায়। সংস্থাটি শুনতে পায় যে শিশুদের সাথে তাদের আচরণ নিয়ে অভিযোগ করা হচ্ছে এবং তারা শিশুদের মারধোর করে এবং হুমকি দেয়।

## স্বাস্থ্যসেবার অংশীদারেরা কীভাবে শিশুদের সর্বোত্তম স্বার্থ নিশ্চিত করতে এবং গোপনীয়তা রক্ষা করতে পারবেন?

সর্বোত্তম স্বার্থ নীতি বলে যে "শিশু সম্পর্কিত সমস্ত কার্যকলাপে, ... শিশুটির স্বার্থের জন্য যা সেরা তা বিবেচনার মুখ্য বিষয় হবে।"[2]

স্বাস্থ্যসেবার অংশীদার হিসাবে আপনি কোনো শিশুর সর্বোত্তম স্বার্থের বিধিসম্মত মূল্যায়ন করবেন না। শুধুমাত্র আদেশাধীন সংস্থা ও প্রতিষ্ঠানগুলি তা করতে পারে। যদিও, সকল পরিষেবা প্রদানকারীদের তাদের কাজের ইতিবাচক ও নেতিবাচক পরিণতি বিবেচনা করতে হবে। সকল ক্ষেত্রেই ন্যূনতম ক্ষতিকারক পদক্ষেপ নেওয়াই শ্রেয়।

কোনো কোনো সময়, কোনো শিশুর শারীরিক ও মানসিক নিরাপত্তা রক্ষা করা এবং আশু সাহায্য করার জন্য, সর্বোত্তম স্বার্থ নীতি হয়ত পরিষেবা প্রদানকারীকে এমন বিকল্প বেছে নিতে বাধ্য করবে যা শিশুটির ইচ্ছা বিরুদ্ধ। শিশু বা অন্য কারোর ক্ষতি হওয়ার ঝুঁকি থাকলে, আপনাকে অবশ্যই সর্বোত্তম স্বার্থ নীতিকে প্রাধান্য দিতে হবে। এটি শিশুর ইচ্ছা বা গোপনীয়তা নীতির তুলনায় অগ্রাধিকার পেতে পারে। এর মধ্যে অন্তর্ভুক্ত হিংসার বর্তমান ঝুঁকি বা শিশুটি যদি আত্মহত্যার চিন্তা প্রকাশ করে থাকে। উদাহরণ স্বরূপ, একজন শিশু হয়ত যৌন হিংসার ঘটনা গোপন রাখতে চাইবে, কিন্তু (i) এরকম কোনো জরুরি চিকিৎসাগত সহায়তার প্রয়োজন থাকতে পারে যার জন্য স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীদের কাছে রেফার করার প্রয়োজন আছে, (ii) ভবিষ্যতে আরো নির্যাতন আটকানোর জন্য শিশুটিকে কোনো বিকল্প তত্ত্বাবধানে (অলটারনেট কেয়ার) রাখার প্রয়োজন হতে পারে, এবং/অথবা (iii) সেই নির্যাতনকারীর সাথে অন্য আরেকজন বাচ্চাও বসবাস করতে পারে।

গোপনীয়তা লঙ্ঘন করার এই সিদ্ধান্তটি যে শিশুটির বেঁচে থাকা এবং সামগ্রিক কল্যাণ সুরক্ষিত করবে তা নিশ্চিত করার জন্য কড়া সুরক্ষাব্যবস্থা এবং নিয়ন্ত্রণ থাকতে হবে। এটি যেন অবশ্যই সর্বোত্তম স্বার্থ নীতি অনুসারে, ক্ষতি করার তুলনায় বেশি উপকার করে।

**সর্বোত্তম স্বার্থ নীতি সম্পর্কিত প্রসঙ্গে গোপনীয়তার সীমাবদ্ধতার বিষয়টি অবশ্যই শিশু ও তাদের পরিচর্যাকারীদের স্পষ্টভাবে ব্যাখ্যা করতে হবে।**

## স্বাস্থ্যসেবার অংশীদারেরা কীভাবে শিশুদের কাছ থেকে অবহিত সম্মতি বা অনুমোদন জোগাড় করবেন?

**শিশুর সাথে কথা বলার সময় আমাদের এমন যোগাযোগের পদ্ধতি ব্যবহার করতে হবে যা বাচ্চাদের জন্য উপযোগী এবং তাদের অন্তর্ভুক্ত করে, যাতে নিশ্চিত করা যায় যে তারা এতে সম্মত:**

**(i)** কোনো ঘটনা বা শিশু সুরক্ষা সংক্রান্ত উদ্বেগ নিয়ে আলোচনা চালিয়ে যেতে;
**(ii)** তাদের সম্বন্ধে তথ্য রেকর্ড করা এবং সম্ভবত অন্যান্য পরিষেবা প্রদানকারীদের সাথে তা ভাগ করে নিতে;
**(iii)** তারা যে পরিষেবা অ্যাকসেস করতে চায় সেগুলি এবং তাতে রেফার করা।

এই নিশ্চিতকরণ প্রক্রিয়াকে বলা হয় "অবহিত সম্মতি/অনুমোদন চাওয়া"।

শিশু উপযোগী উপায়ে অবহিত সম্মতি/অনুমোদন চাওয়ার উপায় সহ, সংক্রামক রোগের প্রাদুর্ভাবের সময় শিশু-উপযোগী যোগাযোগ, এটি দেখুন: মিনি গাইড #4: রোগের প্রাদুর্ভাবের সময় শিশু সুরক্ষা: সংক্রামক রোগের প্রাদুর্ভাবের সময় শিশুদের সাথে যোগাযোগ স্থাপন

শিশুটির 18 বছর বয়স না হওয়া পর্যন্ত সাধারণত বাবা-মা এবং পরিচর্যাকারীরা পরিষেবা পাওয়ার জন্য তাদের শিশুর তরফে সম্মতি দেওয়ার জন্য দায়ী হন। কোনো কোনো পরিস্থিতিতে, বয়সে বড় কিশোর-কিশোরীরাও আইনিভাবে তাদের বাবা-মা বা পরিচর্যাকারীর পরিবর্তে বা তাদের সঙ্গে একসাথে সম্মতি দিতে সক্ষম হয়।

কমবয়সী শিশু, যারা সংজ্ঞা অনুসারে অবহিত সম্মতি দেওয়ার জন্য ছোট কিন্তু বোঝার জন্য ও পরিষেবাতে অংশগ্রহণ করতে সম্মত হওয়ার মতো বড়, তাদের ক্ষেত্রে আমরা শিশুটির অবহিত অনুমোদন চাই।

সম্মতি অবশ্যই লিখিতভাবে রেকর্ড করতে হবে এবং তাতে সাক্ষীর স্বাক্ষর থাকতে হবে। যেক্ষেত্রে ব্যক্তিরা লিখতে পারেন না, বুড়ো আঙুলের ছাপই পর্যাপ্ত হবে। যেখানে সম্মতি ফর্মে ব্যক্তির নাম থাকবে, সেখানে নথিতে এবং মেডিকেল ফাইলে মামলার কোড লিখতে হবে এবং সম্মতি ফর্মটি পৃথকভাবে সংরক্ষণ করতে হবে। এর ফলে সম্পূর্ণ মামলা ফাইলটি গোপনীয় থাকে।

[2] UN জেনারেল অ্যাসেম্বলি, কনভেনশন অন দ্য রাইটস অফ দ্য চাইল্ড, 20 নভেম্বর 1989, জাতিসংঘ, ট্রিটি সিরিজ, খণ্ড 1577, পৃ. 3 https://www.refworld.org/docid/3ae6b38f0.html [মার্চ 24, 2021-এ অ্যাকসেস করা হয়]

কখনো কখনো, প্রাদুর্ভাবের সময়, এরকম হতে পারে যে কোনো শিশুর সহায়তার প্রয়োজন দেখা দিয়েছে এবং তাদের স্বাভাবিক পরিচর্যাকারী অবহিত সম্মতি দেওয়ার জন্য উপস্থিত নেই। উদাহরণ স্বরূপ, শিশুটি হয়ত তার স্বাভাবিক পরিচর্যকারীর থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে কেননা তার পরিচর্যাকারীকে আইসোলেশনে রাখা হয়েছে, তার চিকিৎসা চলছে বা তিনি অচেতন আছেন।

কোনো কোনো পরিস্থিতিতে, অবহিত সম্মতি প্রক্রিয়াতে শিশুর পরিচর্যাকারীকে যুক্ত করা শিশুটির স্বার্থের জন্য সর্বোত্তম হয় না। উদাহরণ স্বরূপ, অসুখ বা ভাইরাস নিয়ন্ত্রণ পদক্ষেপগুলির ভয়ে পরিচর্যাকারীর মানসিক স্বাস্থ্যের অবনতি ঘটতে পারে বা তারা শিশুটিকে উপেক্ষা করা বা তার সাথে হিংসাত্মক আচরণ করা শুরু করতে পারেন।

সে ক্ষেত্রে স্বাস্থ্য কর্মীকে দেখতে হবে শিশুটির জীবনে অন্য কোনো বিশ্বাসযোগ্য প্রাপ্তবয়স্ক ব্যক্তি আছেন কি না, যিনি সম্মতি দিতে পারবেন। যদি সম্মতি দেওয়ার মতো আর কোনো বিশ্বাসযোগ্য প্রাপ্তব্যস্ক ব্যক্তি না থাকেন, তাহলে মামলাকর্মীকে একাই শিশুর সিদ্ধান্ত নির্ধারণ করতে হবে এবং/অথবা সর্বোত্তম স্বার্থ নির্ধারণ প্রক্রিয়া অনুসারে এগিয়ে যেতে হবে।



## বিশ্বাসযোগ্য প্রাপ্তবয়স্ক

বিশ্বাসযোগ্য প্রাপ্তবয়স্ক হলেন সেই প্রাপ্তবয়স্ক ব্যক্তি যিনি শিশুটির পরিচিত, যাকে শিশুটি বিশ্বাস করে বা সহায়তার জন্য তার কাছে গেছে। তিনি শিক্ষক/শিক্ষিকা, নার্স, সম্প্রদায়ের কর্মী, খেলাধূলার শিক্ষক/শিক্ষিকা বা অন্য কেউ হতে পারেন। যদি কোনো পরিচর্যাকারী বা এই ধরনের বিশ্বাসযোগ্য প্রাপ্তবয়স্ক উপস্থিত না থাকেন, পরিষেবা প্রদানকারীকে (স্বাস্থ্যকর্মী, মামলাকর্মী, শিশু সুরক্ষা কর্মী ইত্যাদি)শিশুর স্বাস্থ্য ও কল্যাণের সমর্থনে নেওয়া পদক্ষেপগুলির সমর্থনে শিশুটির জন্য সম্মতি প্রদান করতে হবে।

### গোপনীয়তা বজায় রাখার জন্য স্বাস্থ্যসেবার অংশীদারদের কী কী দক্ষতা ও জ্ঞান থাকা প্রয়োজন?

প্রাদুর্ভাবের সময় দ্রুত নতুন স্বাস্থ্যসেবা কেন্দ্র প্রতিষ্ঠিত করার প্রয়োজন দেখা দিতে পারে, যেমন আইসোলেশন ইউনিট ও চিকিৎসা কেন্দ্র। আশু প্রয়োজনীয়তা থাকা সত্ত্বেও এই সকল জায়গাগুলিতে কাজ করা সকল কর্মচারীকে গোপনীয়তা ও রেফারাল প্রোটোকল মেনে চলা চালিয়ে যেতে হবে।

**কর্মচারীর চাকরির চুক্তিপত্র এবং আচরণবিধির মধ্যে তথ্য সুরক্ষা প্রোটোকল বজায় রাখা ও গোপনীয়তা নিশ্চিত করার বাধ্যবাধকতা অন্তর্ভুক্ত করুন, এমনকি তাদের যদি প্রাদুর্ভাব মোকাবিলার জন্য দ্রুত নিয়োগ করা হয়, তাহলেও।**

**নিম্নলিখিত বিষয়গুলিতে প্রশিক্ষণ বাধ্যতামূলক হতে হবে। শিশু সুরক্ষা উদ্বেগে সাড়া দেওয়া এবং গোপনীয়তা নিশ্চিত করা বিষয়ে ছোট সেশনও একদম কিছু না শেখানোর থেকে ভালো।**

- শিশু সুরক্ষার উদ্বেগগুলিকে চেনা;
- কী কী রেফারাল পথ আছে এবং তা কীভাবে ব্যবহার করতে হয়;
- গোপনীয়তা গুরুত্ব; এবং
- নানা ধরনের শিশুদের সঙ্গে যোগাযোগ স্থাপন, যেখানে সম্ভব মনস্তাত্ত্বিক ফার্স্ট-এইড দেওয়া সহ।

সংযুক্তি 1: অবহিত সম্মতি/অনুমোদন নেওয়ার প্রক্রিয়া এবং সংযুক্তি 2: গোপনীয়তা নমুনা স্ক্রিপ্ট দেখুন, যেখানে পরিচর্যাকারীর অনুপস্থিতিতে সম্মতি নেওয়ার নির্দেশিকা অন্তর্ভুক্ত আছে।

- আপনার সংস্থায় যোগদান করা সকল কর্মচারীকে গোপনীয় তথ্য সংগ্রহ, সংরক্ষণ, ব্যবহার ও নষ্ট করার নির্দেশিকা ও প্রক্রিয়া জানান।
- বর্তমানে যে কর্মচারীরা আছেন তাদের জন্য প্রশিক্ষণ ঝালাই করার সেশন চালানো ও প্রদান করা।
- সকল কর্মচারী ও স্বেচ্ছাসেবকদের জন্য সংক্ষিপ্তসার, কাজের সহায়ক উপাদান এবং পোস্টার তৈরি করুন।

## কীভাবে আমরা গোপনীয়ভাবে তথ্য সংরক্ষণ করতে পারি?

গোপনীয় তথ্য সংগ্রহ, সংরক্ষণ, ব্যবহার ও নষ্ট করার জন্য স্পষ্ট নির্দেশিকা ও প্রক্রিয়া তৈরি করুন।

কীভাবে গোপনীয়তা বজায় রাখবেন এবং গোপনীয় তথ্য ভাগ করে নেওয়ার বিষয়টি সামলাবেন তা নিয়ে অন্যান্য পরিষেবা প্রদানকারীদের সাথে সহমত হন, যাতে ঝুঁকিতে থাকা বা শিশু সুরক্ষা উদ্বেগের সম্মুখীন হওয়া শিশুদের প্রয়োজনীয় পরিষেবা প্রদান করা যায়।

কক্সবাজারে রেসপন্সের জন্য তথ্য ভাগ করে নেওয়ার বিষয়ে আন্তঃসংস্থা সম্মত প্রোটোকলগুলি মেনে চলুন।

কোনো আলোচনার নোট বা রেকর্ড, অংশগ্রহণকারী ব্যক্তিদের নাম বা অন্যান্য শনাক্তকারী বিবরণ থেকে পৃথকভাবে সংরক্ষণ করুন।

নাম ও ঠিকানা জাতীয় ব্যক্তিগত তথ্য থাকা পাতাগুলি নোটবুক থেকে সরিয়ে দিন।

নাম এবং শনাক্তকারী তথ্য কেস কোড দিয়ে প্রতিস্থাপিত করুন। আপনার হয়ত মেডিকেল ফাইলের জন্য কোনো কেস কোডিং পদ্ধতি আছে; আপনি নাম বা অন্যান্য শনাক্তকারী তথ্যের পরিবর্তে সেই পদ্ধতি ব্যবহার করতে পারেন। আপনার যদি কোনো মেডিকেল কেস কোডিং পদ্ধতি না থাকে, পরামর্শের জন্য আপনার নিকটতম শিশু সুরক্ষা ফোকাল পয়েন্টের সাথে কথা বলুন। তার হয়ত আপনাকে (i) কোডিং পদ্ধতি তৈরি করায় সাহায্য করতে পারবে অথবা (ii) তাদের শিশু সুরক্ষা তথ্য ব্যবস্থাপনা পদ্ধতিতে ব্যবহৃত কোড আপনাকে দিতে পারবে (উদাঃ CPIMS+)।

যে সকল বিরল পরিস্থিতিতে শনাক্তকারী তথ্য রেকর্ড করা আবশ্যক হয়ে পড়ে, সেক্ষেত্রে তা তালা দিয়ে বন্ধ করা যায় এরকম ফাইলিং আলমারি, দেরাজ বা ঘরে রাখতে হবে এবং চাবিটি সেই তথ্যের দায়িত্বে থাকা ব্যক্তির কাছে থাকতে হবে।

কাগজে লেখা বা ইলেকট্রনিক তথ্য থাকা সকল ঘরের অ্যাকসেস যেন শুধুমাত্র অনুমোদিত কর্মচারীর কাছেই থাকে।

নির্যাতন, শোষণ বা হিংসার শিকার হওয়া সকল ব্যক্তি সংক্রান্ত সকল ইলেকট্রনিক তথ্য পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিত করে রাখুন এবং নিয়মিতভাবে সেই পাসওয়ার্ড পালটান।

প্রয়োজন নেই এরকম সকল কম্পিউটার প্রিন্টআউট, হাতে লেখা নোট, অতিরিক্ত ফোটোকপি, রিপোর্ট ও অন্যান্য রেকর্ড নষ্ট করে দিন।

**যে সকল জায়গায় দ্রুত কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে এবং তালা বন্ধ করা যায় এরকম জায়গা, আলমারি বা ঘর নেই, সেখানে নিম্নলিখিত জিনিসগুলি করতে পরামর্শ দেওয়া হয়:**

- ফাইলের অ্যাকসেস ও দায়িত্বে থাকা কর্মচারীরা সবসময় তারা যে ঘরে কাজ করেন সেই ঘরে ফাইলগুলি রাখবেন।
- ফাইলগুলি সিল করা খামে রাখতে হবে।
- তালা বন্ধ করা যায় এরকম আলমারি না পাওয়া অবধি খামগুলি ঢাকা দেওয়া স্টোরেজ বাক্সে রাখতে হবে।
- যেখানে স্বাস্থ্য কেন্দ্র 24 ঘণ্টা খোলা থাকে, প্রতি শিফটে ফাইলগুলি দেখার দায়িত্ব কোনো একজন কর্মচারীকে দিতে হবে।
- যেখানে স্বাস্থ্য কেন্দ্র প্রতিদিন শুধুমাত্র কয়েক ঘণ্টার জন্য খোলা থাকে এবং জায়গাটি তালা বন্ধ করা যায় না, কর্মী সদস্যদের নথিপত্রগুলি নিরাপদে তালাবন্ধ আলমারি থাকা নিকটতম কার্যালয়ে পাঠিয়ে দিতে হবে। এটি আপনার সংস্থার অন্য কার্যালয় হতে পারে অথবা কোনো অংশীদার সংস্থার কার্যালয় হতে পারে। এটি পূর্ব-সম্মত, নিয়ন্ত্রিত অনুমোদিত প্রক্রিয়ার অংশ হিসাবে, অনুমোদন নিয়ে করতে হবে এবং পরিবহনের সময় যদি ফাইলগুলি সিল করা খামে সংরক্ষিত থাকে শুধুমাত্র তাহলেই এটি করা যাবে।

## কখন আপনি তথ্য অন্যদের সাথে আদানপ্রদান করতে পারবেন?

**যে তথ্য সারভাইভারের গোপনীয়তা বা কল্যাণ বিপন্ন করতে পারে তা কখনোই লোকজনের সাথে আদানপ্রদান করা যাবে না।**

কারা, কখন এবং কীভাবে তথ্য পেতে পারে তা শিশু ও তাদের পরিচর্যাকারীরা ঘোষণা করতে পারে। কোনো নির্দিষ্ট ব্যক্তিকে যদি তারা কোনো তথ্য না জানাতে চান, তাহলে তা প্রকাশ করার সুযোগ তাদের দিতে হবে। উদাহরণ স্বরূপ, শিশুরা হয়ত চাইবে না যে তাদের সম্বন্ধে এরকম কোনো ব্যক্তিগত বিবরণ তাদের পরিচর্যাকারী বা পরিবারের অন্য সদস্যদের বলা হোক যা তারা নিজেরা মুখোমুখি তাদের জানাতে চায়।

সারভাইভার, মামলায় জড়িত কোনো ব্যক্তি বা কোনো অভিযুক্ত অপরাধীকে শনাক্ত করা যায় এরকম তথ্য “নিড টু নো” (যখন যেমন প্রয়োজন জানানো) ভিত্তিতে আদানপ্রদান করা হবে। এটি কেবল সেইসব অন্যান্য কর্মচারী বা সংস্থাকেই জানানো হবে যারা সারভাইভারকে সরাসরি সমর্থন জোগাবেন অথবা সারভাইভারের অনুরোধ অনুসারে কোনো কাজ করবেন (উদাঃ সকল শিশু সুরক্ষা অংশীদারের সব শিশু সুরক্ষা ঘটনার বিবরণ জানার প্রয়োজন নেই।

প্রাদুর্ভাব তদন্তকারী দল এবং চিকিৎসা কেন্দ্রগুলি তথ্য জানানোর জন্য আপনার ওপরে চাপ দিলেও আপনাকে তথ্য আদানপ্রদান করার সর্বোত্তম অনুশীলন মেনে চলতে হবে। উদাহরণ স্বরূপ, কে কার সংস্পর্শে এসেছে তা যে স্বাস্থ্য কর্মী দেখছেন তাকে শিশু সুরক্ষা ঘটনা বা সন্দেহের বিবরণ জানানোর প্রয়োজন নেই।

## আপনি কীভাবে তথ্য আদান-প্রদান করবেন?

স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতিতে (SOPs) ঠিক করে দেওয়া তথ্য আদান-প্রদানের প্রোটোকলগুলি বড় রোগের প্রাদুর্ভাবের সময় মুখোমুখি হওয়া নির্দিষ্ট চ্যালেঞ্জ অনুসারে পালটে নিতে হবে।

প্রস্তুতি পর্যায়ে সকল কর্মীকে স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ দিন। নির্দিষ্ট করে, সেই প্রশিক্ষণে যেন তথ্য আদান-প্রদান, রেফারাল, ও ডেটা সুরক্ষা অন্তর্ভুক্ত থাকে।

সব সময় – এমনকি প্রাদুর্ভাবে সাড়া দেওয়ার সময়েও – সকল সংস্থাকে তথ্য আদান-প্রদানের প্রোটোকল (ISP) থাকা আন্তঃসংস্থা সম্মত স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতিতে ঠিক করা পদ্ধতিগুলি অনুসরণ করতে হবে।

যে কোনো মাধ্যমে তথ্য স্থানান্তরের সময় গোপনীয়তা বজায় রাখুন: মৌখিক, ডাক ব্যবস্থার মাধ্যমে, ইলেকট্রনিকালি ইত্যাদি।

- **ইলেকট্রনিক তথ্য আদান-প্রদান,** উদাঃ ই-মেল, শেয়ারড ডেটাবেস বা অনলাইন সংরক্ষিত ডেটার লিঙ্ক শেয়ার করা, প্রাদুর্ভাবের সময় ডেটা স্থানান্তরের পছন্দসই পদ্ধতি, যা আপনাকে জনস্বাস্থ্য কর্মসূচিগুলি মেনে চলতে ও রোগের সংক্রমণের সম্ভাবনা কমাতে সাহায্য করে। এটি খুবই সাবধানতার সাথে করতে হবে। ইমেলে পাঠানো যে কোনো ডেটা এনক্রিপ্টেড ও পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিত ফরম্যাটে পাঠাতে হবে। সকল ডেটাবেস বা অনলাইন ডেটা সংরক্ষণ সিস্টেম হ্যাকিং থেকে সুরক্ষিত হতে হবে।
- **ব্যক্তিগতভাবে ইলেকট্রনিক তথ্য আদান-প্রদান।** মেমোরি স্টিক ব্যবহার করা হলে, ডেটা এনক্রিপ্টেড বা পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিত হতে হবে। তথ্যের দায়িত্বে থাকা ব্যক্তিরা মেমোরি স্টিকটি নিজেদের মধ্যে হাতে হাতে আদান-প্রদান করবেন এবং স্থানান্তরের পরে সঙ্গে সঙ্গেই ফাইলটি মুছে ফেলতে হবে। রোগটি কীরকম তার ভিত্তিতে এই কাজটি করা সময় গ্লাভস ও মাস্ক সহ ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE) এবং হ্যান্ড স্যানিটাইজার বা হাত ধোওয়ার ব্যবস্থা করার প্রয়োজন হতে পারে।
- **কাগজপত্রের ফাইল।** কনটেনমেন্ট ব্যবস্থাপনা অনুমতি দিলে তথ্যের দায়িত্বে থাকা ব্যক্তিরা হাতে হাতে ফাইল স্থানান্তর করতে পারেন। স্থানান্তরের সময়, ফাইলগুলি সিল করা বাক্স বা খামে সংরক্ষিত থাকতে হবে। ফাইল হস্তান্তরের সময় অতিরিক্ত কিছু সুরক্ষাব্যবস্থা প্রতিষ্ঠা করা যেতে পারে, যেমন গোপনীয়তা ফর্মে স্বাক্ষর করা। সরকারী নির্দেশনা অনুসারে, এই শারীরিক যোগাযোগে সাহায্য করার জন্য গ্লাভস ও মাস্ক সহ PPE এবং হ্যান্ড স্যানিটাইজার বা হাত ধোওয়ার ব্যবস্থা করতে হবে। স্থানান্তর হয়ে যাওয়ার পরে যথা শীঘ্র সম্ভব ফাইলটি তালা বন্ধ করা যায় এরকম আলমারি এবং/অথবা সুরক্ষিত ঘরে রাখতে হবে।
- **মৌখিকভাবে তথ্য আদান-প্রদানের** সময় নিশ্চিত করুন যে এটি দুজনের মধ্যে (দলে নয়) সামনাসামনি, কোনো গোপন স্থানে হয়, যেখানে আপনাদের কথোপকথন কেউ শুনতে পাবে না। প্রস্তাবিত সামাজিক দূরত্ব ও রোগ সংক্রমণ সতর্কতা, যেমন হাওয়া-চলাচল ব্যবস্থা বজায় রেখে গোপনীয়তা বজায় রাখার ক্ষমতার ভিত্তিতে গোপন স্থানটি বেছে নিতে হবে।
- **অনলাইন কনফারেন্স কল/ভিডিওকনফারেন্সিং।** প্রথমত, আপনি যে প্ল্যাটফর্মটি ব্যবহার করছেন সেটি যে সুরক্ষিত তা নিশ্চিত করুন। আপনার কল হ্যাক হওয়া আটকানো সম্পর্কিত সাম্প্রতিকতম তথ্য জানুন। কোনো মামলার বিবরণ আদান-প্রদানের আগে, আপনি যে ব্যক্তির সাথে কথা বলছেন তিনি যে আপনার বলা তথ্য একাই শুনছেন তা নিশ্চিত করে নিন। হেডসেট ব্যবহার করুন, যাতে শুধু আপনিই কথাবার্তা শুনতে পান।

**স্পষ্টভাবে ব্যাখ্যা করা কারণে সেই তথ্য পাওয়ার জন্য মনোনীত ব্যক্তির কাছেই শুধুমাত্র তথ্য দিতে হবে। এর মধ্যে থাকতে পারে লাইন ম্যানেজার বা মেডিকেল, সুরক্ষা, মানসিক স্বাস্থ্য বা আইনি কর্মী যিনি শিশুটিকে সাহায্য করার জন্য কোনো পদক্ষেপ নেবেন।**

**মামলাটি সম্বন্ধে অবগত থাকা ব্যক্তির সংখ্যা ন্যূনতম রাখুন। যত কম সংখ্যক লোক জড়িত হবেন, ততই শিশুটির গোপনীয়তা নিশ্চিত করা সহজ হবে।**

## সম্প্রদায়ের মধ্যে শিশু ও তাদের পরিবারের সঙ্গে সরাসরি যোগাযোগের সময়কীভাবে আপনি গোপনীয়তা বজায় রাখবেন?

**সাহায্যের প্রয়োজন থাকা শিশুটিকে অবিলম্বে সেইসব পরিষেবা প্রদানকারীদের কাছে রেফার করুন যারা চিকিৎসাগত, মনঃসামাজিক সহায়তা দিতে এবং তাদের নিরাপত্তা নিশ্চিত করতে পারবে। রেফারাল এমনভাবে করতে হবে যাতে শিশু এবং বাবা-মা, পরিচর্যাকারী, পরিবারের সদস্য বা বিশ্বাসযোগ্য প্রপ্তবয়স্ক ব্যক্তি যার সাথে শিশুটি আছে, তাদের গোপনীয়তা ও নিরাপত্তা বজায় থাকে। এই রেফারাল প্রক্রিয়াতে শিশু সুরক্ষা ফোকাল পয়েন্টগুলি আপনাকে সাহায্য করতে পারে। আপনার অঞ্চলের শিশু সুরক্ষা ফোকাল পয়েন্টের বিবরণ এখানে দেখুন।**

আপনার এলাকায় শিশু সুরক্ষা কেন্দ্র বিন্দুর বিশদ বিবরণের জন্য এখানে ক্লিক করুন।

### আপনাকে অবশ্যই সবসময়:

নিভৃত পরিবেশে আলোচনাগুলি চালনা করতে হবে। এর অর্থ হলো শিশু, তাদের পরিবার বা অন্য পরিষেবা প্রদানকারীদের সঙ্গে আলোচনা এমন জায়গায় হতে হবে যেখানে অন্য কেউ তা শুনতে পাবে না। যদিও, আপনাকে যেন দেখা যায়, যাতে লোকজন জানতে পারে যে আপনি কোনোভাবে শিশুটির ক্ষতি করছেন না। গোপনীয় তথ্য নিয়ে কথা না বলার বিষয়ে সচেতন থাকতে হবে, এমনকি আপনার নিজের সংস্থার গাড়িচালক, প্রশাসনিক কর্মী, আত্মীয় পরিজন ইত্যাদিদের সামনেও, কেননা তাদের গোপনীয়তা সংক্রান্ত প্রশিক্ষণ নাও থাকতে পারে।

নিজের ও আলোচনায় অংশগ্রহণ করা অন্যান্যদের প্রতি অকারণ মনোযোগ আকর্ষণ না করার চেষ্টা করতে হবে। লোকেরা যদি জানে যে আপনার সংস্থা কোনো নির্দিষ্ট ধরনের শিশুদের নিয়ে কাজ করে, যেমন, যৌন হিংসা থেকে বাঁচা বা সশস্ত্র বাহিনী বা দলের সাথে যুক্ত শিশুরা, তাহলে সতর্ক থাকুন। আপনার সঙ্গে যে শিশুদের দেখা যায় তারা এই ধরনের দলে পড়ে, এই ধারণা হওয়ার সম্ভাবনা কমানোর চেষ্টা করুন। উদাহরণ স্বরূপ, বাড়িতে ভিজিটের সময় আপনার সংস্থার টি-শার্ট পড়া এড়িয়ে চলুন, এবং সংস্থার লোগো থাকা গাড়িতে সম্প্রদায়ের মিটিং-এ আসা এড়িয়ে চলুন, যখন তা করা নিরাপদ হবে।

অনুরোধ করুন যে শিশু সুরক্ষা দল যেন নিরাপত্তা পরিষেবা, সম্প্রদায়ের নেতা, সম্প্রদায়ের স্বাস্থ্য কর্মী, চেকপয়েন্টের কর্মী, প্রহরায় থাকা নিরাপত্তা কর্মী এবং শিবিরে ঢোকার মুখে কাজ করা কর্মীদের শনাক্ত করে, তাদের বুঝিয়ে দেয় এবং/অথবা প্রশিক্ষণ দেয়।
তাদের
(i) গোপনীয়তা কী
(ii) গোপনীয়তা কেন গুরুত্বপূর্ণ, এবং
(iii) কীভাবে গোপনীয়তা বজায় রাখতে হবে, তার ওপরে সংক্ষিপ্ত ব্যবহারিক প্রশিক্ষণ থাকতে হবে। কর্মীদের জানতে হবে যে শিশুদের কোনো পরিষেবা অ্যাকসেস করতে দেখা গেলে, সেটি সংবেদনশীল তথ্য এবং তা কাউকে জানানো যাবে না।

**প্রক্রিয়াতে সাহায্য করার জন্য, স্বাস্থ্য কর্মীরা শিশু সুরক্ষা কর্মীদের এই বিষয়ে তথ্য জানাতে পারেন**

- স্বাস্থ্য কেন্দ্রে যাওয়ার জন্য যে রাস্তা বার বার ব্যবহার করা হয়
- স্বাস্থ্য কর্মীর সাইট ভিজিট কোথায় হয়।

## সংযুক্তি 1: অবহিত সম্মতি/অনুমোদন চাওয়ার প্রক্রিয়া

- সেইসব শিশুদের থেকে অবহিত অনুমোদন চাওয়া হয়, যারা স্বাভাবিকভাবে বা আইনত, সম্মতি দেওয়ার জন্য ছোট কিন্তু পরিষেবায় অংশগ্রহণ করার বিষয়টি বোঝার ও তাতে সম্মত হওয়ার জন্য যথেষ্ট বড়।
- সাধারণত শুধুমাত্র 15 বছরের বেশি বয়সী শিশুদের থেকে অবহিত সম্মতি চাওয়া হয়।
- শিশুর থেকে অবহিত সম্মতি/অনুমোদন নেওয়ার সময়, (i) যে পরিষেবাগুলি পাওয়া যাবে, (ii) সম্ভাব্য ঝুঁকি ও সুবিধা, (iii) কী কী ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হবে এবং তা কীভাবে ব্যবহার করা হবে, এবং (iv) গোপনীয়তা ও তার সীমা সম্বন্ধে তথ্য শিশু-উপযোগী পদ্ধতিতে জানান।

**অবহিত সম্মতি/অনুমোদন চাওয়ার প্রক্রিয়া**

| বয়স | শিশুর সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা | শিশুর ভূমিকা | পরিচর্যাকারীর ভূমিকা | যদি কোনো পরিচর্যাকারী উপস্থিত না থাকেন বা সেটি শিশুর সর্বোত্তম স্বার্থে না হয় | তারা কীভাবে সম্মতি জানাবেন |
|---|---|---|---|---|---|
| 0–5 | তাদেরকে সবকিছু ব্যাখ্যা করতে হবে। | N/A | অবহিত সম্মতি | অন্যান্য বিশ্বাসযোগ্য প্রাপ্তবয়স্ক ব্যক্তি বা মামলাকর্মীর অবহিত সম্মতি। | প্রাপ্তবয়স্ক ব্যক্তির লিখিত সম্মতি |
| 6–11 | তাদের মতামত জানানো ও তা লোকজনের কানে পৌঁছনোর অধিকার। কিছুটা পরিমাণে সিদ্ধান্ত-গ্রহণে অংশগ্রহণ করতে পারা। তাদের বোঝার ক্ষমতার অতিরিক্ত সিদ্ধান্ত তাদের ওপর চাপিয়ে দেওয়া নিয়ে সতর্ক থাকতে পরামর্শ দেওয়া হচ্ছে। | অবহিত অনুমোদন | অবহিত সম্মতি | অন্যান্য বিশ্বাসযোগ্য প্রাপ্তবয়স্ক ব্যক্তি বা মামলাকর্মীর অবহিত সম্মতি। | শিশুর মৌখিক অনুমোদন,<br>প্রাপ্তবয়স্ক ব্যক্তির লিখিত সম্মতি |
| 12–14 | ধরে নেওয়া হয় যে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে গুরুতর অবদান রাখার মতো যথেষ্ট পরিণতবুদ্ধি। | অবহিত অনুমোদন | অবহিত সম্মতি | অন্যান্য বিশ্বাসযোগ্য প্রাপ্তবয়স্ক ব্যক্তি বা শিশুর অবহিত অনুমোদন। (শিশুর) পর্যাপ্ত পরিণতমনস্কতার মাত্রাকে যথাযথ গুরুত্ব দেওয়া যেতে পারে। | শিশুর লিখিত অনুমোদন,<br>প্রাপ্তবয়স্ক ব্যক্তির লিখিত সম্মতি |
| 15–17 | নিজেই নিজের সিদ্ধান্ত নেওয়ার জন্য যথেষ্ট পরিণতবুদ্ধি। | অবহিত সম্মতি | শিশুর অনুমতি নিয়ে অবহিত সম্মতি দিন | শিশুর অবহিত সম্মতি এবং পর্যাপ্ত পরিণতমনস্কতার মাত্রা যথাযথ গুরুত্ব পাবে। | শিশুর লিখিত সম্মতি, মামলা কর্মী তা নথিবদ্ধ করতে পারেন। |

**অক্ষমতা থাকা শিশুদের জন্য:** মনে রাখবেন যে অক্ষমতা থাকা শিশুদের অবহিত সম্মতি বা অনুমোদন দেওয়ার অধিকার আছে। প্রতিটি শিশুর পরিস্থিতি বোঝার ও অবহিত সম্মতি বা অনুমোদন দেওয়ার ক্ষমতা মূল্যায়ন করুন। অবহিত সম্মতি জোগাড় করার এমন পন্থা অবলম্বন করুন যা

## সংযুক্তি 2: গোপনীয়তা নমুনা স্ক্রিপ্ট

নিচে গোপনীয়তা, নিরাপত্তা, অবহিত সম্মতি/অনুমোদন ও সর্বোত্তম স্বার্থ সংক্রান্ত নমুনা স্ক্রিপ্ট দেওয়া হলো।

### গোপনীয়তা

“আমরা এখন যা আলোচনা করছি, তা আমি আমাদের মধ্যেই রাখব, যদি না:

তুমি চাও যে আমরা যা আলোচনা করেছি তা নিয়ে আমি অন্য কারোর সাথে কথা বলি

অথবা

তুমি আমাকে এমন কিছু বলেছ যাতে আমার মনে হয়েছে যে তুমি বা অন্য কেউ বিপন্ন হতে পারে। সে ক্ষেত্রে, তোমাকে এবং/অথবা অন্য কাউকে নিরাপদ রাখার জন্য আমাকে কিছু পদক্ষেপ নিতে হবে।

### অবহিত সম্মতি/ অনুমোদন

“তুমি কি আমার সাথে কথা বলতে পেরে খুশি?”

“তুমি কি এখনো কথা বলে যেতে চাও?”

“আমরা কথা বলা চালিয়ে যাওয়ার আগে কি তুমি এই বিষয়গুলি নিয়ে ভাবার জন্য সময় নিতে চাও?”

“আমরা [মামলা কর্মী, মানসিক স্বাস্থ্য কর্মীর নাম লিখুন] কে তোমার সাথে দেখা করার জন্য নিয়ে আসতে পারি, যিনি তোমার সাথে এমন ভাবে কথা বলবেন যাতে তোমার ভালো লাগবে, যাতে তোমার সাহায্য হবে। তুমি কি তা করতে চাও?

### সর্বোত্তম স্বার্থ

“আমি যদি তোমার নিরাপত্তা নিয়ে চিন্তিত থাকি, তুমি আমাকে যা বলেছ তা নিয়ে হয়ত আমাকে কারোর সাথে কথা বলতে হবে, সেই ব্যক্তি এমন কেউই হবেন যিনি তোমাকে সাহায্য করতে পারবেন।”

“তোমার কোনো আঘাত পরীক্ষা করে দেখার জন্য বা তোমাকে নিরাপদ রাখতে সাহায্য করতে পারে এরকম কারোর সাথে কথা বলার জন্য আমাদের যদি আরো সাহায্যের প্রয়োজন হয়, তাহলে আমরা সেই ব্যক্তিকে নিয়ে একসাথে আলোচনা করব এবং একসাথে ঠিক করব যে তোমার সাথে যা হয়েছে তা সম্পর্কে তাদের কী বলা হবে।”

“আমার কাজ হলো তুমি যাতে আরো আঘাত না পাও তার চেষ্টা করা এবং তা নিশ্চিত করা, কাজেই তোমাকে সুরক্ষিত ও সুস্থ রাখার জন্য আমাদের অন্য লোকজনের সাহায্য প্রয়োজন হতে পারে। তুমি কি তাতে রাজি?”

“কখনো কখনো, তুমি আমাকে যা যা তথ্য জানিয়েছ তার সবটা আমি নিজের কাছে রাখতে পারব না। তুমি আমাকে যা তথ্য জানিয়েছ তা আমাকে যখন যখন অন্য লোকজনকে জানাতে হতে পারে, তা হলো:"

" আমি যদি জানতে পারি যে তুমি কোনো গুরুতর বিপদের মধ্যে আছ, আমাকে তা [উপযুক্ত সংস্থার নাম লিখুন]-কে জানাতে হবে। "

1 "তুমি যদি আমাকে বলো যে তুমি নিজেকে গুরুতর ভাবে আহত করার পরিকল্পনা করছ, আমাকে তা তোমার বাবা-মাকে বা অন্য কোনো বিশ্বাসযোগ্য প্রপ্তবয়স্ক ব্যক্তিকে জানাতে হবে।"

অথবা

2 "তুমি যদি আমাকে বলো যে তুমি অন্য কাউকে গুরুতর আহত করার পরিকল্পনা করেছ, আমাকে তা রিপোর্ট করতে হবে।"

3 এই সমস্যাগুলির কথা আমি শুধু তোমার আর আমার মধ্যে রাখতে পারব না।

[আপনার স্থানীয় সেটিং-এ প্রযোজ্য রিপোর্ট করার বাধ্যতামূলক প্রয়োজনীয়তাগুলি ব্যাখ্যা করুন]

[গোপনীয়তার অন্যান্য সকল ব্যতিক্রমগুলি যোগ করুন। উদাহরণ স্বরূপ, UN বা NGO কর্মীদের যৌণ নির্যাতন ও শোষণের ক্ষেত্রে]।





## স্বীকৃতি

READY উদ্যোগের অনুরোধে Hannah Thompson এই নির্দেশিকাটির খসড়া তৈরি করেছিলেন। Nidhi Kapur ও ডাঃ Ayesha Kadir প্রযুক্তিগত ইনপুট দেন। Lauren Murray, Sarah Collis Kerr, এবং Jean Syanda লেখাটির পুনঃমূল্যায়ন করেন এবং গাইডেন্সটি তৈরি করার তত্ত্বাবধান করেন। এর বিষয়বস্তু মূলত বাংলাদেশের কক্সবাজারে রোহিঙ্গা রেসপন্সের প্রেক্ষাপটে কোভিড-19 মহামারী মোকাবেলায় সহকর্মীদের অভিজ্ঞতার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। আমরা স্বাস্থ্য ক্ষেত্র এবং শিশু সুরক্ষা এবং লিঙ্গ-ভিত্তিক হিংসা উপ-ক্ষেত্রের সকল সদস্যদের; এবং কক্সবাজারে স্বাস্থ্য ও শিশু সুরক্ষা কর্মীদের মধ্যে সহযোগিতা জোরদার করার প্রক্রিয়ায় জড়িত থাকার জন্য MHPSS বিশেষজ্ঞদের ধন্যবাদ জানাতে চাই। বিশেষ করে Krissie Hayes, Samrawit Assefa Melles, Taslima Begum, Ayesha Akter Monni, ডাঃ Egmond Evers, ডাঃ Francis Tabu, Patrick Halton, Melissa Bencik, এবং Parmita Sarkar-এর সমর্থন, মতামত ও দিকনির্দেশনাকে আমরা খুবই মূল্যবান মনে করি।

এটি সম্ভব হয়েছে ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্টের (USAID) মাধ্যমে মার্কিন জনগণের বদান্যতায়। এর বিষয়বস্তু READY-র দায়িত্ব এবং তা USAID বা মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের দৃষ্টিভঙ্গি প্রতিফলিত করে না। সেভ দ্য চিলড্রেনের নেতৃত্বে, READY উদ্যোগটি জনস হপকিন্স সেন্টার ফর হিউম্যানিটারিয়ান হেলথ, জনস হপকিন্স সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস, UK-Med এবং হিউম্যানিটারিয়ান লিডারশিপ একাডেমির সাথে অংশীদারিত্বে বাস্তবায়িত করা হয়েছে। READY বড় আকারের সংক্রামক রোগের প্রাদুর্ভাব মোকাবেলায় বেসরকারী সংস্থাগুলির (NGO) বিশ্বব্যাপী সক্ষমতা বৃদ্ধি করছে। আরও তথ্যের জন্য, আমাদের ওয়েবসাইট http://www.ready-initiative.org দেখুন।

JOHNS HOPKINS CENTER for HUMANITARIAN HEALTH · JOHNS HOPKINS Center for Communication Programs · Save the Children · humanitarian leadership academy · UK-MED